

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
অপারেশনস্ অধিশাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

নং-৪৪.০৪.০০০০.০০৯.০০.০২৪.১৩- ৪২৭

তারিখ : ০৭ আষাঢ়, ১৪৩৩
২১ জুন, ২০২৬

সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৬ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা হয়। তৎপ্রেক্ষিতে মাদকবিরোধী রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন ও মূল্যায়ন সংক্রান্ত উপকমিটি কর্তৃক জাতীয় পর্যায়ে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা ফলাফল প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। এছাড়াও উক্ত প্রতিযোগিতার ফলাফল মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www.dnc.gov.bd) প্রকাশ করা হয়েছে।

০২। অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফলের ভিত্তিতে পুরস্কার প্রাপ্ত প্রতিযোগীদের সংশ্লিষ্ট মোবাইল নম্বরে ফোন দিয়ে কতিপয় প্রতারকচক্র বিভিন্ন প্রলোভন দেখিয়ে ব্যাংক একাউন্ট ও অন্যান্য ডিভাইসের মাধ্যমে অর্থ হাতিয়ে নেওয়ার পায়তারা করেছেন। এ সংক্রান্ত অধিদপ্তর বরাবর অভিযোগ পাওয়া গিয়াছে।

০৩। প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে পুরস্কারপ্রাপ্ত সকল প্রতিযোগী/প্রতিযোগীর অভিভাবকগণকে অনুরোধ করা হচ্ছে যে, অধিদপ্তরের পরিচয় দিয়ে বা অন্য কোন পন্থায় কেউ যদি কোন তথ্য-উপাত্ত ও আর্থিক লেনদেন করতে চায় তাহলে তাদের সাথে কোন তথ্য-উপাত্ত বিনিময় ও আর্থিক লেনদেনে না করতে নির্দেশক্রমে অবহিত করা হলো।

০৪। আগামী ২৬/০৬/২০২৬ তারিখ রোজ শুক্রবার অনুষ্ঠিতব্য মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৬-তে পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগী পুরস্কার গ্রহণ সংক্রান্ত যোগাযোগের ক্ষেত্রে অধিদপ্তর হতে দায়িত্বপ্রাপ্ত নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত রয়েছে।

(ক) জনাব ফয়সাল মাহমুদ, সহকারী পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
মোবাইল নম্বর: ০১৭১০-১৫৭০০৩

(খ) জনাব অমিত হাসান মামুন, পিএ টু পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
মোবাইল নম্বর: ০১৯৩৯-০৮৫৯১১

০৫। এমতাবস্থায়, পুরস্কারপ্রাপ্ত প্রতিযোগী/অভিভাবকগণের পরবর্তী যেকোন প্রয়োজনের উপরি উল্লিখিত ০২ জন কর্মকর্তা/কর্মচারীর পার্শ্বে বর্ণিত মোবাইল নম্বরে যোগাযোগ করবেন। উক্ত মোবাইল নম্বর ব্যতীত কোন মোবাইল নম্বর থেকে কেউ যদি যোগাযোগ করে, তাহলে সেসকল নম্বরসমূহ সংরক্ষণ করে পুরস্কার গ্রহণের দিন অধিদপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর প্রদান করবেন। উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রাপ্ত নম্বরসমূহ যাচাই-বাছাই করে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগন ব্যবস্থা গ্রহণ করবেন।


২১/০৬/২৬

(মুকুল জ্যোতি চাকমা)
উপপরিচালক (অপারেশনস্)

ও

সদস্য সচিব

সংশ্লিষ্ট উপ-কমিটি